

কোন কোটি মানুষের জন্য প্রতিদিন

যায়যায়দিন

১৯৮৪ থেকে

২৮ এপ্রিল ২০১৯

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে সম্মেলন



ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে শুরু হয়েছে 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট (আইসিবিএম)-২০১৯' সম্মেলন। ২৫ এপ্রিল রাজধানীর হোটেল ওয়েস্টিনে শিক্ষার্থী-গ্র্যাজুয়েট ও গবেষকদের এই মিলনমেলা শুরু হয়। দ্বিতীয়বারের মতো তিনদিনব্যাপী এই সম্মেলনের আয়োজন করছে ব্র্যাক বিজনেস স্কুল।

২৬ এপ্রিল প্রধান অতিথি হিসেবে এই সম্মেলনের উদ্বোধন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ভিনসেন্ট চ্যাং। ব্র্যাক বিজনেস স্কুলের ডিন প্রফেসর মোহাম্মদ মাহবুব রহমান সম্মেলনে সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি ছিলেন এসিআই গ্রন্থপের চেয়ারম্যান এম আনিস উদ দৌলা ও প্রোগ্রাম চেয়ার মামুন হাবিব। দিনের প্রথম সেশনের মূল প্রবন্ধ উপস্থাপন করেন তাইওয়ানের ন্যাশনাল চুং সিং ইউনিভার্সিটির প্রফেসর ড. জং রুলি। নিউ ইন্টারনেট মার্কেটিং স্ট্রাটেজি, ব্লকচেইন ম্যানেজমেন্টের ওপর প্রবন্ধ উপস্থাপন করেন তিনি। এরপর 'রাইজ অফ দ্যা ইন্ডাস্ট্রি ৪.০' শীর্ষক গবেষণাপত্র উপস্থাপন করেন এসিআই গ্রন্থপের চেয়ারম্যান এম আনিস উদ দৌলা।